

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নম্বরঃ ৮৬২

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرِّقَائِقِ)

পরিচ্ছেদঃ দুঃখ-কষ্ট ও কঠিন মুহূর্তে আল্লাহর প্রশংসার সাথে সাথে তাঁর পবিত্রতা ঘোষণা ও লা ইলাহা ইল্লাল্লাহ বলার নির্দেশ

ذِكْرُ الْأَمْرِ بِالتَّهْلِيلِ وَالتَّسْبِيحِ لِلَّهِ جَلَّ وَعَلَا مَعَ التَّحْمِيدِ لِمَنْ أَصَابَتْهُ شِدَّةٌ أَوْ كَرْبٌ

আরবী

862 - أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ دَاوُدَ بْنِ وَرْدَانَ بِالْفُسْطَاطِ قَالَ: حَدَّثَنَا عِيسَى بْنُ حَمَّادٍ قَالَ: أَخْبَرَنَا اللَّيْثُ عَنْ ابْنِ عَجْلَانَ عَنْ مُحَمَّدِ بْنِ كَعْبٍ الْقُرْظِيِّ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ شَدَّادٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ جَعْفَرٍ عَنْ عَلِيِّ بْنِ أَبِي طَالِبٍ أَنَّهُ قَالَ: لَقَّنَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ هَؤُلَاءِ الْكَلِمَاتِ وَأَمَرَنِي أَنْ أَصَابِنِي كَرْبٌ أَوْ شِدَّةٌ أَقُولُهُنَّ: (لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْحَلِيمُ الْكَرِيمُ سُبْحَانَهُ وَتَبَارَكَ اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ)

الراوي : عَلِيٌّ بْنُ أَبِي طَالِبٍ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 862 | خلاصة حكم المحدث: حسن صحيح.

বাংলা

৮৬২. আলী রাঈয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাকে এই বাক্যগুলি শিখিয়েছেন এবং আমাকে নির্দেশ দিয়েছেন কোন দুঃখ-কষ্ট ও কঠিন অবস্থা পেয়ে বসলে আমি যেন বলি, لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْحَلِيمُ الْكَرِيمُ سُبْحَانَهُ وَتَبَارَكَ اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ وَالْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বুদ নেই, তিনি ধৈর্যশীল, দয়ালু। আমি তাঁর পবিত্রতা ঘোষণা করছি, বরকতময় আল্লাহ, মহান আরশের প্রতিপালক, আর সমস্ত প্রশংসা আল্লাহর জন্য, যিনি জগৎসমূহের প্রতিপালক।) [1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ১/৯৪; নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ৬৩০; হাকিম: ১/৫০৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটির সানাদকে শক্তিশালী বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান-সহীহ বলেছেন। (আর রওয়ুন নাযীর: ৬৭৯।)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আলী ইবনু আবী তালিব (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=89365>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন